126

দৈনিক সংবাদ

তারিখ ... JUL 1 1 1999
পৃষ্ঠা ... ৫ কলাম ৪

# কলেজ শিক্ষকদের পদোন্নতির ক্ষেত্রে সৃষ্ট অচলাবস্থা নিরসনের আহ্বান

**জামালপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** জাতীয়করণকৃত কলেজগুলোর আত্তীকৃত শিক্ষকদের বিভিন্ন সমস্যা সমাধানের দাবিতে দেশব্যাপী আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে। বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের জামালপুর ও শেরপুর জেলার আঞ্চলিক সম্মেলনে এই আহ্বান জানানো হয়।

গত ৭ই জুলাই জামালপুর সরকারি আশেক মাহমুদ কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত এই সম্মেলনে সভাপতিত্ব করেন সৈয়দ আমিনুর রশীদ। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিষদের মহাসচিব শাহজামাল মিয়া।

সম্মেলনে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি কর্তৃক মামলা দায়ের করার কারণে পদোন্নতি বাধাগ্রস্ত করা ও ক্যাডারভুক্ত শিক্ষকদের ক্যাডার বহির্ভূত করার প্রচেষ্টার নিন্দা জানানো হয় এবং শিক্ষকদের পদোন্নতির ক্ষেত্রে অচলাবস্থা নিরসনে সরকারের প্রতি জোর দাবি জানানো হয়।